# বার্ষিক প্রতিবেদন

# ২০২৩-২০২৪




**জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)**
**স্থানীয় সরকার বিভাগ**
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**২৯ আগারগাঁও, শেরে বাংলা নগর**
**ঢাকা-১২০৭**
**www.nilg.gov.bd**

**প্রকাশক** ________________________________

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), ঢাকা।

**স্বত্বাধিকারী** ________________________________

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), ঢাকা।

**সহযোগিতায়**________________________________

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর সকল অনুবিভাগ।

মুদ্রণকাল ________________________________

অক্টোবর, ২০২৪

# জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

**উপদেষ্টা**

জনাব মনোজ কুমার রায়

মহাপরিচালক (অতিরিক্ত সচিব), এনআইএলজি, ঢাকা।

**সম্পাদনা পরিষদ**

| | |
|---|---|
| **জনাব মোঃ শফিকুল ইসলাম**<br>যুগ্মসচিব, পরিচালক (প্রশাসন ও সমন্বয়), এনআইএলজি, ঢাকা। | **আহ্বায়ক** |
| **জনাব এম. এম. ইমরুল কায়েস**<br>উপসচিব, যুগ্মপরিচালক (প্রশাসন ও সমন্বয়), এনআইএলজি, ঢাকা। | সদস্য |
| **জনাব মোঃ মতিউর রহমান**<br>সহকারী পরিচালক (প্রশাসন ও সমন্বয়) অতি: দা:, এনআইএলজি, ঢাকা। | সদস্য |
| **জনাব নুরুল ইসলাম**<br>সহকারী পরিচালক, এনআইএলজি, ঢাকা। | সদস্য |
| **জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক**<br>প্রকাশনা কর্মকর্তা, এনআইএলজি, ঢাকা। | সদস্য-সচিব |

**প্রকাশনা**

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

২৯ আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ওয়েবসাইট: **www.nilg.gov.bd**

ই-মেইল: **nilgbd@gmail.com**, **nilgbd@yahoo.com**

# স্থানীয় সরকার উপদেষ্টা



**মহাপরিচালক**
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# মুখবন্ধ

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরের গুরুত্বপূর্ণ কার্যাবলির ওপর বার্ষিক প্রতিবেদন প্রকাশ একটি নিয়মিত কার্যক্রম। প্রতিষ্ঠানের কর্মকান্ড ও অগ্রগতি সম্পর্কে সামগ্রিক ধারণা প্রদান করার পাশাপাশি কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা বার্ষিক প্রতিবেদনের মাধ্যমে নিশ্চিত হয়। এনআইএলজি বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থায় সম্পৃক্ত মানব সম্পদের উন্নয়নে নিয়োজিত একটি স্বনামধন্য প্রতিষ্ঠান। বিগত প্রায় ০৫ (পাঁচ) দশক যাবৎ এনআইএলজি স্থানীয় সরকার ব্যবস্থায় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। অনেক সীমাবদ্ধতা সত্বেও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালী করতে এনআইএলজি সুশৃংখলভাবে প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে।

এনআইএলজি জনগণের দোরগোড়ায় কাঙ্খিত সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচিত জনপ্রতিনিধি ও কর্মরত কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করে থাকে।

বিগত অর্থবছরে ১৮টি ক্যাটেগরিতে ৪৭,৯৯৩ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ২০২৩-২০২৪ অর্থবছরে The Journal of Local Government শিরোনামে ০২ (দুই)টি জার্নাল, ০৭ (সাত)টি গবেষণা, ৯ (নয়)টি নতুন হ্যান্ডবুক ও ০৩ (তিন)টি মডিউলভিত্তিক হ্যান্ডবুক সংস্করণ করা হয়েছে।

প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগের কর্মপরিধি, বার্ষিক কর্মসম্পাদন এবং কার্যক্রম বাস্তবায়ন পরিস্থিতি বার্ষিক প্রতিবেদনে উপস্থাপিত হয়েছে। আমি বিশ্বাস করি যে, এ প্রকাশনাটি এই প্রতিষ্ঠানের প্রশিক্ষণের মানোন্নয়ন, স্থানীয় সরকার বিষয়ক বিষয়ভিত্তিক গবেষণা পরিচালনা করতে সহায়ক হবে। বার্ষিক প্রতিবেদনটি প্রণয়নে যারা অক্লান্ত পরিশ্রম করেছেন তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

(মনোজ কুমার রায়)

**পরিচালক (প্রশাসন ও সমন্বয়)**
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বানী

প্রতিষ্ঠানের সকলের সম্মিলিত মেধা, শ্রম ও মননের ফসল এনআইএলজি'র ২০২৩-২০২৪ অর্থ বছরের এই বার্ষিক প্রতিবেদন। এ ব্যাপারে যাঁরা তথ্য দিয়ে সহযোগিতা করেছেন, তাঁদের সবাইকে সম্পাদনা পর্ষদের পক্ষ থেকে জানাই আন্তরিক অভিবাদন।

এনআইএলজি সকল জনগণের দোড়গোড়ায় কাঙ্খিত সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচিত জনপ্রতিনিধি ও কর্মরতদের দক্ষ মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষণ প্রদান করে থাকে।

এ প্রতিবেদনে এনআইএলজি'র বিভিন্ন বিভাগের কার্যক্রমের ও সাফল্য সংক্ষিপ্ত আকারে উপস্থাপিত হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক এ প্রতিবেদন সংশ্লিষ্ট সকলের সার্বিক বিষয় অবহিতকরণে সহায়ক হবে মর্মে আমার দৃঢ় বিশ্বাস।

(মোঃ শফিকুল ইসলাম)

# অধ্যায়-১

## জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
## সংক্ষিপ্ত পরিচিতি

### জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থায় সম্পৃক্ত মানব সম্পদ উন্নয়নে নিয়োজিত একটি স্বনামধন্য জাতীয় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ১৯৬৯ সালের ১ জুলাই তৎকালীন East Pakistan Government Educational and Training Institutions Ordinance, 1961 অনুসারে স্থানীয় সরকার ইনস্টিটিউট নামে প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ১৯৮০ সালে প্রতিষ্ঠানটির নামকরণ করা হয় জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) । প্রতিষ্ঠানটি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর অধীন স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন একমাত্র প্রশিক্ষণ ও গবেষণামূলক প্রতিষ্ঠান। বর্তমানে এনআইএলজি জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট আইন, ১৯৯২ দ্বারা পরিচালিত এবং এটি একটি সংবিধিবদ্ধ সংস্থা।

### রূপকল্প

স্থানীয় সরকার প্রতিষ্ঠানেরসমূহের জনপ্রতিনিধি ও কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং সুশাসন সংহতকরণ।

### অভিলক্ষ্য

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অংশীদারিত্বের ভিত্তিতে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা।

### মূল্যবোধ

স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং প্রতিনিধিদের সকল স্তরের সমান আচরণ। এলজিআইগুলিকে ক্ষমতায়ন এবং শক্তিশালী করতে প্রতিশ্রুতিবদ্ধ ও এলজিআইগুলিতে সুশাসন প্রচারের জন্য নিবেদিত।

## লক্ষ্য ও উদ্দেশ্য

বাংলাদেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালীকরণের অন্যতম কেন্দ্র হিসেবে আত্মপ্রকাশ করার উদ্দেশ্যে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কাজ করে যাচ্ছে। প্রশিক্ষণ প্রদান ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি করা এবং গবেষণার মাধ্যমে বিদ্যমান আইন ও প্রশিক্ষণ পদ্ধতির উন্নয়নে কাজ করা এনআইএলজি'র লক্ষ্য। সমন্বিত লক্ষ্যগুলো হলো:

- প্রশিক্ষণ প্রদান ও পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি করা;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জন্য কার্যকরী প্রশিক্ষণ প্রদান;
- স্থানীয় সরকার ব্যবস্থার সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা করা এবং
- স্থানীয় সরকার ব্যবস্থার উন্নয়নে সহযোগিতা করা।

## দায়িত্ব ও কার্যাবলি

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপ:

- সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদে নির্বাচিত জনপ্রতিনিধি, নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীগণকে স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা;
- সরকার কর্তৃক নির্দেশিত স্থানীয় সরকার সংক্রান্ত বিষয়ের উপর সরকারকে পরামর্শ প্রদান করা;
- স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন সমস্যা ও বিষয়ের উপর গবেষণা পরিচালনা করা;
- স্থানীয় সরকারের সহিত সম্পর্কিত বিভিন্ন সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা;
- স্থানীয় সরকার এবং ইহার সহিত সম্পৃক্ত বিভিন্ন বিষয়ের তথ্য সংগ্রহ ও মূল্যায়ন করা;
- স্থানীয় সরকার এবং এর সহিত সম্পৃক্ত বিভিন্ন বিষয় সম্পর্কে ডকুমেন্টেশনের সুবিধা প্রদান এবং জাতীয় ডকুমেন্টেশন কেন্দ্র গড়ে তোলা;
- স্থানীয় সরকার বিষয়ক গ্রন্থ, সাময়িকী, গবেষণা প্রতিবেদন, মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ করা;
- গ্রন্থাগার ও পাঠকক্ষ স্থাপন এবং পরিচালনা করা;
- স্থানীয় সরকার বিষয়ে প্রশিক্ষণ ও গবেষণা কার্যক্রমের সমন্বয় সাধন করা;
- সরকারের পূর্বানুমোদনক্রমে স্থানীয় সরকার বিষয়ে বিদেশী ও আন্তর্জাতিক সংস্থার সহিত যোগাযোগ এবং প্রয়োজনে যৌথ কর্মসূচি গ্রহণ করা;
- স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সার্টিফিকেট কোর্স প্রবর্তন করা;
- সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যক্রম গ্রহণ করা এবং
- উপরোক্ত কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ করা।

## এনআইএলজি'র পরিচালনা বোর্ড

| | |
|---|---|
| মন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সভাপতি |
| প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সহ:সভাপতি |
| সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| মহাপরিচালক, বার্ড | সদস্য |
| মহাপরিচালক, বিআইএম | সদস্য |
| প্রধান প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন | সদস্য |
| একজন প্রতিনিধি বিপিএটিসি (এমডিএসের নীচে নয়) | সদস্য |
| জনপ্রশাসন মন্ত্রণালযের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়) | সদস্য |
| অর্থ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়) | সদস্য |
| পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিবের নীচে নয়) | সদস্য |
| সরকার মনোনীত ৪টি স্থানীয় সরকার প্রতিষ্ঠানের একজন করে প্রতিনিধি | সদস্য |
| মহাপরিচালক, এনআইএলজি | সদস্য-সচিব |

## সাংগঠনিক কাঠামো

প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী হচ্ছেন মহাপরিচালক। তিনি সরকার এবং পরিচালনা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্ব পালন করে থাকেন। প্রতিষ্ঠানটির কার্যাবলি প্রধানত নিম্নবর্ণিত চারটি বিভাগে বিভক্ত:

১। প্রশাসন ও সমন্বয় বিভাগ

২। প্রশিক্ষণ ও পরামর্শ বিভাগ

৩। গবেষণা ও পরিকল্পনা বিভাগ

৪। কর্মসূচি ও মূল্যায়ন বিভাগ

প্রতিটি বিভাগের দায়িত্বে একজন পরিচালক নিয়োজিত রয়েছেন। এ ছাড়াও ৪ জন যুগ্ম-পরিচালক, ১০ জন উপপরিচালক, ৪ জন সহকারী পরিচালক, ৭ জন গবেষণা কর্মকর্তা, ১ জন পরিসংখ্যান কর্মকর্তা, ১ জন গ্রন্থাগারিক, ১ জন হিসাবরক্ষণ কর্মকর্তা, ১ জন প্রকাশনা কর্মকর্তা, ১ জন জনসংযোগ কর্মকর্তা, ১জন মেডিকেল অফিসার, ১ জন প্রশাসনিক কর্মকর্তা, ৬ জন সহকারী গবেষণা কর্মকর্তা, ১ জন সহকারী গ্রন্থাগারিক, ১ জন কমিউনিকেশন মিডিয়া স্পেশালিষ্ট, ১ জন অডিও ভিজ্যুয়েল টেকনিক্যাল কর্মকর্তা, ১জন সহকারী প্রকাশনা কর্মকর্তা  ও ১ জন ডকুমেন্টেশন কর্মকর্তা কর্মরত আছেন। প্রতিষ্ঠানে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর মোট জনবল ১১৩ জন।

# এনআইএলজি’র কর্মকর্তা ও কর্মচারীগণের সাংগঠনিক কাঠামোভূক্ত অনুমোদিত পদ

| ক্র.নং | সাংগঠনিক কাঠামোভূক্ত অনুমোদিত পদ | পদ সংখ্যা |
|---|---|---|
| ১। | মহাপরিচালক | ১জন |
| ২। | পরিচালক | ৪জন |
| ৩। | যুগ্মপরিচালক | ৪জন |
| ৪। | উপপরিচালক | ১০জন |
| ৫। | সহকারি পরিচালক | ৪জন |
| ৬। | গবেষণা কর্মকর্তা | ০৭জন |
| ৭। | পরিসংখ্যান কর্মকর্তা | ০১জন |
| ৮। | গ্রন্থাগারিক | ০১জন |
| ৯। | হিসাবরক্ষণ কর্মকর্তা | ০১জন |
| ১০। | প্রকাশনা কর্মকর্তা | ০১জন |
| ১১। | জনসংযোগ কর্মকর্তা | ০১জন |
| ১২। | মেডিকেল অফিসার | ০১জন |
| ১৩ | প্রশাসনিক কর্মকর্তা | ০১জন |
| ১৪। | সহকারী গবেষণা কর্মকর্তা | ০৬জন |
| ১৫। | সহকারী গ্রন্থাগারিক | ০১জন |
| ১৬। | কমিউনিকেশন মিডিয়া স্পেশালিষ্ট | ০১জন |
| ১৭। | অডিও ভিজ্যুয়েল টেকনিক্যাল কর্মকর্তা | ০১জন |
| ১৮। | ডকুমেন্টশন কর্মকর্তা | ০১জন |
| ১৯। | সহকারী প্রকাশনা কর্মকর্তা | ০১জন |
| ২০। | উচ্চমান সহকারী | ০২জন |
| ২১। | উচ্চমান সহকারী কাম-ক্যাশিয়ার | ০২জন |
| ২২। | হিসাবরক্ষক | ০১জন |
| ২৩। | প্রকাশনা সহকারী | ০১জন |
| ২৪। | গুদাম রক্ষক | ০১জন |
| ২৫। | ক্যাটালগার | ০১জন |
| ২৬। | সাঁট লিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ০৪জন |
| ২৭। | কেয়ার টেকার | ০১জন |
| ২৮। | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ০৪জন |
| ২৯। | টেলিফোন অপারেটর | ০২জন |

| | | |
|---|---|---|
| ৩০। | গাড়ি চালক | ০৩জন |
| ৩১। | হোস্টেল সুপারভাইজার | ০১জন |
| ৩২। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১০জন |
| ৩৩। | ডেসপ্যাচ করণিক | ০১জন |
| ৩৪। | অডিও ভিজ্যুয়েল টেকনিশিয়ান | ০১জন |
| ৩৫। | ইলেকট্রিশিয়ান | ০২জন |
| ৩৬। | ফটোকপি মেশিন অপারেটর | ০১জন |
| ৩৭। | বুক বাইন্ডার | ০১জন |
| ৩৮। | লাইব্রেরি এটেনডেন্ট | ০১জন |
| ৩৯। | অফিস সহায়ক | ১১জন |
| ৪০। | প্লাম্বার | ০১জন |
| ৪১। | বার্বুচি | ০১জন |
| ৪২। | সহকারি বার্বুচি | ০১জন |
| ৪৩। | হোস্টেল বয় | ০৩জন |
| ৪৪। | নিরাপত্তা প্রহরী | ০৬জন |
| ৪৫। | মালি | ০১জন |
| ৪৬। | পরিচ্ছন্নতাকর্মী | ০৪জন |
| | **সর্বমোট=** | ১১৩জন |

## এনআইএলজি'র কর্মকর্তা ও কর্মচারীগণের হালনাগাদ

| নাম | পদবী |
|---|---|
| **মহাপরিচালকের দপ্তর** | |
| জনাব মনোজ কুমার রায় | মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| জনাব রবিউল্লাহ্ | মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (পি টু ডিজি ) |
| **পরিচালক (প্রশাসন ও সমন্বয় )-এর দপ্তর** | |
| জনাব মোঃ শফিকুল ইসলাম | পরিচালক (প্রশাসন ও সমন্বয় ) |
| জনাব  প্রীতম সাহা | ক্যাটালগার |
| **প্রশাসন ও সমন্বয় বিভাগ** | |
| জনাব এম. এম. ইমরুল কায়েস | যুগ্মপরিচালক (প্রশাসন ও সমন্বয়) |
| জনাব মোঃ আবদুল কাইয়ূম | প্রশাসনিক কর্মকর্তা |
| জনাব নূর হোসেন আশরাফী | স্টোর কীপার |
| জনাব কাজী জামাল উদ্দিন | উচ্চমান সহকারী |

| নাম | পদবী |
|---|---|
| জনাব আনোয়ারা বেগম | উচ্চমান সহকারী |
| জনাব সুলতানা রাজিয়া | উচ্চমান সহকারী |
| জনাব মোঃ বাবুল আকতার | কেয়ারটেকার |
| জনাব মোঃ ইরশাদ আলী | টেলিফোন অপারেটর |
| জনাব সাইফুল্লাহ ভূঞা | হোস্টেল সুপার |
| ডাঃ মো: ওবায়দুল্লাহ | ডাক্তার (খন্ডকালীন) |
| **হিসাব শাখা** | |
| জনাব মো: ওমর ফারুক পারভেজ | সহকারী পরিচালক, হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) |
| জনাব মোঃ জাহিদুল ইসলাম | হিসাব রক্ষক |
| জনাব কাজী জামাল উদ্দিন | উচ্চমান সহঃ কাম- ক্যাশিয়ার |
| বেগম মোসাঃ মাকসুদা আক্তার | উচ্চমান সহঃ কাম- ক্যাশিয়ার |
| **গ্রন্থাগার শাখা** | |
| জনাব মোঃ মতিউর রহমান | গ্রন্থাগারিক |
| জনাব মোঃ আবু এখতিয়ার হাশেমী | সহকারী গ্রন্থাগারিক |
| জনাব  প্রীতম সাহা | ক্যাটালগার |
| **পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ) এর দপ্তর** | |
| জনাব মোঃ শফিকুল ইসলাম | পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ) |
| জনাব কুসুম আক্তার | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| **প্রশিক্ষণ ও পরামর্শ বিভাগ** | |
| জনাব মোসা: জেসমিন নাহার | উপপরিচালক |
| জনাব মোহাম্মদ মঈনুল হোসেন | উপপরিচালক |
| জনাব কামরুন নাহার | উপপরিচালক |
| জনাব মোঃ আতাউর রাব্বী | উপপরিচালক |
| জনাব মোঃ ওমর ফারুক পারভেজ | সহকারী পরিচালক |
| জনাব এ জেহাদ সরকার | সহকারী পরিচালক |
| জনাব নুরুল ইসলাম | সহকারী পরিচালক |
| জনাব মনিকা মিত্র | সহকারী পরিচালক |
| জনাব এরশাদ-ই-ইসলাম | অডিও ভিজ্যুয়েল টেকনিক্যল কর্মকর্তা |
| জনাব মেজবাহ উদ্দিন খান | অডিও ভিজ্যুয়েল টেকনিশিয়ান |
| **পরিচালক (গবেষণা ও পরিকল্পনা)-এর দপ্তর** | |
| জনাব মোঃ শফিকুল ইসলাম | পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) |
| জনাব মোছা: তাসলিমা আকতার | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |

| নাম | পদবী |
|---|---|
| **গবেষণা ও পরিকল্পনা বিভাগ** | |
| জনাব মোহাম্মদ আবু নাসের বেগ | যুগ্মপরিচালক (গবেষণা ও পরিকল্পনা) |
| জনাব মোঃ ইমরানুর রহমান | গবেষণা কর্মকর্তা |
| জনাব মতি আহমেদ | গবেষণা কর্মকর্তা |
| জনাব মো: মাহফুজার রহমান | গবেষণা কর্মকর্তা |
| **প্রকাশনা শাখা** | |
| জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক | প্রকাশনা কর্মকর্তা |
| জনাব মাহজাবীন খন্দকার | প্রকাশনা সহকারী |
| **পরিচালক (কমসূচী ও মূল্যায়ন)-এর দপ্তর** | |
| জনাব মোঃ শফিকুল ইসলাম | পরিচালক (কর্মসূচি ও মূল্যায়ন) |
| জনাব এম. এম. ইমরুল কায়েস | যুগ্মপরিচালক (কর্মসূচি ও মূল্যায়ন) |
| বেগম ফারহানা পারভীন | অফিস সহঃ কাম-কম্পিঃ অপারেটর |
| **কর্মসূচি ও মূল্যায়ন বিভাগ** | |
| জনাব মোঃ নাজিম উদ্দিন | ডকুমেন্টেশন কর্মকর্তা |
| বেগম ফারহানা পারভীন | অফিস সহঃ কাম-কম্পিঃ অপারেটর |

## ডিজিটাল কার্যক্রম

অবাধ তথ্য প্রবাহ নিশ্চিতের লক্ষ্যে এনআইএলজি'র একটি ওয়েব সাইট: www.nilg.gov.bd রয়েছে। এছাড়া এনআইএলজি ফেসবুক পেজ: www.facebook.com/NILGBD. ইমেইল nilgbd@gmail.com, nilgbd@yahoo.com. দাপ্তরিক সকল ফাইলে ডিজিটাল নথি নম্বর প্রদান (ডিজিটাল ফাইলিং) সম্পন্ন হয়েছে। সম্প্রতি ডি-ফাইলিং (নথি) ব্যবস্থা চালু হয়েছে এবং লাইভ সার্ভারে কার্যক্রম চালু আছে। ইআরপি'র মাধ্যমে প্রশিক্ষণ, প্রশিক্ষণ মূল্যায়ন এবং স্টোরের সকল কার্যক্রম অনলাইনে বাস্তবায়ন করা হচ্ছে।



## আধুনিক শ্রেণিকক্ষ, সেমিনার ও অডিটরিয়াম

- একাডেমিক ভবনের বিভিন্ন শ্রেণীকক্ষে হোয়াইট ইন্টারেক্টিভ বোর্ড, রিমোট কন্ট্রোল স্ক্রিন ও ডিজিটাল সাউন্ড সিস্টেম, পোর্টেবল এসি;
- প্রতিষ্ঠানের ২য় তলায় ২০০ (দুই) শত ব্যক্তির ধারন ক্ষমতা সম্পন্ন অত্যাধুনিক অডিটরিয়াম রয়েছে এবং
- তৃতীয় তলায় রয়েছে অত্যাধুনিক ১০০ (একশত) আসন বিশিষ্ট সেমিনার কক্ষ।

## গ্রন্থাগার

গ্রন্থাগার অত্র প্রতিষ্ঠানের একটি উল্লেখযোগ্য শাখা। প্রতিষ্ঠানের গবেষণা, পরামর্শদান ও প্রশিক্ষণের কাজে সহায়তা করা এবং কর্মকর্তা/কর্মচারীদের পেশাগত দক্ষতা ও মানোন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার সম্পৃক্ত সব বিষয়ের উপর বই, জার্নাল, গবেষণা প্রতিবেদন, সরকারী প্রকাশনা, সাময়িকী ও পত্র-পত্রিকা গ্রন্থাগারে নিয়মিতভাবে সংগ্রহ করা হয়। বর্তমানে বইয়ের সংগ্রহ সংখ্যা প্রায় ১৬,০০০ (ষোল হাজার)। এর মধ্যে স্থানীয় সরকার বিষয় ছাড়াও প্রশাসন, পল্লী উন্নয়ন, ব্যবস্থাপনা, অর্থনীতি ও উন্নয়ন, রাজনীতি ও সরকার, নগর ও নগরায়ন, স্বাস্থ্য ও পুষ্টি, পরিবার পরিকল্পনা, মহিলা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ সম্পর্কিত বইসহ অন্যান্য বিষয়ের বই সংগৃহীত আছে। গ্রন্থাগারের পাঠকদের তালিকায় প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্মচারীরা ছাড়াও রয়েছে প্রশিক্ষক, প্রশিক্ষণার্থী, গবেষক, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্র/ছাত্রী এবং বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারী অফিসের কর্মকর্তাবৃন্দ। এনআইএলজি গ্রন্থাগারের সংগ্রহ সমৃদ্ধকরণ এবং প্রশিক্ষক, প্রশিক্ষণার্থী, গবেষক ও অনুষদ সদস্যদের প্রয়োজন মেটানোর উদ্দেশ্যে দেশি-বিদেশি সমগোত্রীয় বই প্রতিষ্ঠানের সাথে নিজস্ব জার্নালসহ অন্যান্য প্রকাশনাসমূহ বিনিময়ের মাধ্যমে একটি সুসম্পর্ক গড়ে তুলেছে। গ্রন্থাগারটিতে বারটি দৈনিক পত্রিকা ও চারটি বিদেশি ম্যাগাজিন রাখা হয়। গ্রন্থাগারটির ওয়েবসাইট এড্রেস www.nilg library.com। সাধারণত: সকাল ৯টা হতে বিকেল ৫টা পর্যন্ত গ্রন্থাগারটি খোলা থাকে। গ্রন্থাগারটি বুনিয়াদী প্রশিক্ষণের সময় প্রশিক্ষণার্থীর চাহিদা মোতাবেক অতিরিক্ত সময় খোলা রাখা হয়।

## মুক্তিযুদ্ধ কর্নার

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) গ্রন্থাগারটি একটি বিশেষ ধরণের গ্রন্থাগার যেখানে স্থানীয় সরকার ব্যবস্থার ওপর অসংখ্য দেশি-বিদেশি পুস্তক রয়েছে। সম্প্রতি এই গ্রন্থাগারে পাঠকদের জন্য মুক্তিযুদ্ধ কর্নার সংযোজিত হয়েছে। গ্রন্থাগার ব্যবহারকারীগণের নিকট আমাদের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার প্রকৃত ইতিহাস তুলে ধরার লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক বিভিন্ন গুরুত্বপূর্ণ পুস্তক দ্বারা এটি সমৃদ্ধ করা হয়েছে। প্রায় তিন শতাধিক মুক্তিযুদ্ধ বিষয়ক পুস্তক দ্বারা মুক্তিযুদ্ধ কর্নার গঠিত হয়েছে। এখানে বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধ দলিলপত্র (১৫খন্ড), মুক্তিযুদ্ধ কোষ (৫খন্ড), বাংলাদেশ ১৯৭১ (৪খন্ড) সহ বিভিন্ন পুস্তক স্থান পেয়েছে যা এনআইএলজি গ্রন্থাগারে যুক্ত করেছে এক নতুন মাত্রা। এনআইএলজিতে আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে আগত প্রশিক্ষণার্থী, বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত পাঠকগণ এবং অত্র প্রতিষ্ঠানের কমকর্তা-কর্মচারীগণ প্রতিনিয়ত এ গ্রন্থাগার থেকে প্রয়োজনীয় সেবা পেয়ে আসছে।

## হিসাব শাখা

হিসাব শাখা থেকে প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় এর বাজেট বিভাজন ও প্রদান করা হয়। প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীর বেতন, ভাতা হিসাব শাখা থেকে প্রদান করা হয়।

## স্টোর

প্রতিষ্ঠানের প্রয়োজনীয় সকল পণ্য ও সামগ্রী স্টোর থেকে সংগ্রহ করা হয়ে থাকে। প্রশিক্ষণসহ অফিসিয়াল প্রয়োজনে কর্মকর্তা ও কর্মচারীগণ স্টোরে রিকুইজেশনের মাধ্যমে প্রয়োজনীয় সামগ্রী সংগ্রহ করে থাকে। বর্তমানে এনআইএলজি স্টোরটির সকল কার্যক্রম ইআরপি সফটওয়্যারের আওতায় অনলাইনে পরিচালিত হচ্ছে।

## প্রকাশনা শাখা

এ ইনস্টিটিউট থেকে নিয়মিত একটি ষাণ্মাসিক সাময়িকী “The Journal of Local Government” প্রকাশিত হয় যা প্রকাশনা শাখা করে থাকে। এতে সাধারণত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন, সমাজ বিজ্ঞান ও প্রশাসনের বিভিন্ন দিক সম্পর্কে প্রবন্ধ ছাপা হয়। প্রকাশনা শাখা থেকে প্রশিক্ষণের বিভিন্ন হ্যান্ডবুক, ম্যানুয়েলসহ স্থানীয় সরকারের সাথে সম্পৃক্ত বিভিন্ন বিষয়ে বইও প্রকাশ করা হয়। প্রশিক্ষণার্থীগণসহ যেকোন পাঠক প্রকাশনা শাখা থেকে বই ও জার্নাল ক্রয় করতে পারেন। এছাড়া এনআইএলজি হতে নিউজলেটার নামে একটি ত্রৈমাসিক পত্রিকা প্রকাশিত হচ্ছে।

## ডকুমেন্টেশন সেন্টার

ডকুমেন্টেশন সেন্টার থেকে স্থানীয় সরকারের আইন, বিধি, নীতি, নির্দেশিকা, পরিপত্র ইত্যাদি সংরক্ষণ ও অন-লাইনে প্রাপ্তির ব্যবস্থা করা হয়। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ভাল শিখন ও বিভিন্ন বিষয়ে তৈরিকৃত ভিডিও ডকুমেন্টারি, প্রশিক্ষণসহ বিভিন্ন কার্যক্রমের ছবি ও ভিডিও ডকুমেন্টেশন সেন্টারে সংরক্ষিত রয়েছে। সেন্টার থেকে প্রশিক্ষণ কাজে সহযোগিতার উদ্দেশ্য প্রশিক্ষণার্থীর তালিকা সংগ্রহ ও যাচাই বাছাই করে উপস্থাপন করা হয়। এছাড়া এনআইএলজির উদ্ভাবন Enterprise Resource Planning (ERP) এই সেন্টার থেকে পরিচালিত হয়। ইআরপি’র মাধ্যমে প্রশিক্ষণ ব্যবস্থাপনা, প্রশিক্ষণ মূল্যায়ন ও স্টোর ব্যবস্থাপনার কার্যক্রম অনলাইন পদ্ধতিতে সম্পন্ন করা হচ্ছে।






## হোস্টেল

প্রশিক্ষণার্থীগণের জন্য ৫ তলা বিশিষ্ট ১টি হোস্টেল ভবন রয়েছে। এতে ১০০ জনের আবাসন সুবিধার ব্যবস্থা রয়েছে। এনআইএলজি'তে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ/ওরিয়েন্টেশন কোর্সে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধি ও নিয়োগকৃত কর্মকর্তা কর্মচারীগণ অংশগ্রহণ করে থাকেন। আবাসিক কোর্স বিধায় প্রশিক্ষণার্থীগণ হোস্টেলে অবস্থান করেন। তাছাড়া হোস্টেল ভবনে ডাইনিং কক্ষ ১ ও ২ রয়েছে। উক্ত কক্ষসমূহে অনুষ্ঠিত কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণের আহারের ব্যবস্থা করা হয়ে থাকে।

## নামাজ ঘর

ইনস্টিটিউটের দোতলায় গ্রন্থাগার বরাবর উপরে পুরুষ এবং প্রশাসনিক ভবনের চতুর্থ তলায় নারী অংশগ্রহণকারীগণের জন্য নামাজ ঘর রয়েছে।

## জিম

প্রশিক্ষণে আগত প্রশিক্ষণার্থী ও এনআইএলজি'র কর্মকর্তা-কর্মচারীগণের শারীরিক ও মানসিক স্বাস্থ্য রক্ষা ও কর্মক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিষ্ঠানের প্রশাসনিক ভবনের ৪র্থ তলায় মহিলা ও পুরুষদের জন্য আলাদা আলাদা জিমনেসিয়াম রয়েছে। জিমনেসিয়ামটিতে নিম্নের দ্রব্যাদি রয়েছে:

| ক্র: নং | বিবরন | পরিমান |
|---|---|---|
| ০১. | ইলেকট্রিক ট্রেডমিল | ০৩টি |
| ০২. | জিম বাইসাইকেল | ০৩টি |
| ০৩. | ওয়েট বেঞ্চ | ০২টি |
| ০৪. | Cross Trainer (Ellipitical Bike) | ০৩টি |
| ০৫. | Sit up Bench | ০৩টি |
| ০৬. | Fit Masseger Machine | ০৩টি |
| ০৭. | Weight Ball | ০২টি |
| ০৮. | Yoga Mat | ১০ পিস |
| ০৯. | Yoga Ball | ০৪টি |
| ১০. | Looking Glass | ৫০০ স্কয়ার ফিট |
| ১১. | ডাম্বেল | ১৪ কেজি |

## প্রশাসনিক ও উন্নয়ন কার্যক্রম

## ভৌত ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন

| | |
|---|---|
| ১ | হোস্টেল ভবনে লিফট স্থাপন |
| ২ | প্রশাসনিক ভবনে কর্মকর্তার ব্যবহৃত কক্ষসমূহ আধুনিকীকরণ |
| ৩ | হোস্টেল ভবনের ১য় ও ২য় তলায় কক্ষসমূহ আধুনিকীকরণ |
| ৪ | হোস্টেলের জন্য নতুন বিছানাপত্র ক্রয় |
| ৫ | কম্পিউটার (ডেস্কটপ ও ল্যাপটপ) ক্রয় |
| ৬ | কর্মকর্তা ও কর্মচারীদের ব্যবহারের জন্য বিভিন্ন ফার্নিচার ক্রয় |
| ৭ | কর্মকর্তা ও কর্মচারীদের প্রতিটি অফিস কক্ষে আধুনিক ইন্টারনেট সুবিধা পুনঃস্থাপন |
| ৮ | ডিজিটাল স্টুডিও স্থাপনের লক্ষ্যে বিভিন্ন মালামাল ক্রয় |
| ৯ | অডিও ভিজ্যুয়েল ইকুইপমেন্ট ক্রয় |
| ১০ | শরীর চর্চার অংশ হিসেবে আধুনিক জিমনেসিয়াম স্থাপন। |

# অধ্যায়-২

## প্রশাসন ও সমন্বয় বিভাগ

**প্রশাসন ও সমন্বয় বিভাগ:** এনআইএলজি'র ৪(চার)টি বিভাগের মধ্যে প্রশাসন ও সমন্বয় বিভাগটি অন্যতম। এ বিভাগে ১জন পরিচালকের নেতৃত্বে সাধারণ প্রশাসন শাখা, হিসাব শাখা, হোস্টেল, স্টোর, গ্রন্থাগার, ডকুমেন্টেশন সেন্টার, ক্যাফেটেরিয়া এবং প্রতিষ্ঠানের অবকাঠামোগত সুবিধা তত্বাবধান ও নিয়ন্ত্রন করা হয়। সরকারের সাথে করা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে এ বিভাগটি অগ্রনী ভূমিকা পালন করে থাকে।

**প্রশাসন ও সমন্বয় বিভাগের কাজ:**

- প্রতিষ্ঠানের দৈনন্দিন প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করা;
- প্রশিক্ষণার্থীগণকে হোস্টেল ভবন ও শ্রেণীকক্ষে সার্বক্ষনিক সেবা প্রদান করা;
- মাঠ পর্যায়ে ডিআরটি ও ইউআরটি-এর মাধ্যমে বাস্তবায়িত প্রশিক্ষণসমূহের প্রশিক্ষণ উপকরণ নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করা;
- পরিচালনা বোর্ডের সভা আয়োজনে সহায়তা করা;
- প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীগণের নিয়োগ ও পদোন্নতির ব্যবস্থা করা এবং
- স্থানীয় সরকার বিভাগের সাথে প্রশাসনিক কার্যক্রমের সমন্বয় সাধন করা।

**এপিএ বাস্তবায়নে নির্ধারিত ফোকাল পয়েন্ট:**

| ক্র: নং | দায়িত্বপ্রাপ্ত অনুবিভাগ/ বিষয় | নাম | পদবী |
|---|---|---|---|
| ১. | এপিএ ম্যানেজমেন্ট | জনাব মো: ওমর ফারুক পারভেজ | সদস্য-সচিব |
| ২. | এপিএ-সংযোজনী ১.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা | জনাব মো: মতিউর রহমান | গ্রন্থাগারিক |
| ৩. | এপিএ-সংযোজনী ১.২ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা | | |
| ৪. | এপিএ-সংযোজনী ১.৩ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা | জনাব মো: ওমর ফারুক পারভেজ | সহকারী পরিচালক |
| ৫. | এপিএ-সংযোজনী ১.৪ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিকল্পনা | জনাব মো: আবু এখতিয়ার হাশেমী | সহকারী গ্রন্থাগারিক |
| ৬. | এপিএ-সংযোজনী ১.৫ তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা | জনাব নূরুল ইসলাম | গবেষণা কর্মকর্তা |

## আয়ের উৎস

হোস্টেল ও শ্রেণি কক্ষ নিম্নোক্তভাবে ভাড়া প্রদানের ব্যবস্থা রয়েছে। এনআইএলজি'র হোস্টেল কক্ষ/সিট, শ্রেণী কক্ষ, মিলনায়তন ও সম্মেলন কক্ষ এবং অডিও ভিজ্যুয়েল সামগ্রীর বর্তমান ভাড়ার হার নিম্নরূপ:

| আইটেম | বিবরণ | বর্তমান ভাড়ার হার |
|---|---|---|
| মিলনায়তন এবং সম্মেলন কক্ষ | সরকারি অফিস/সংস্থা | ১৫,০০০/- |
| | বেসরকারি ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ২৫,০০০/- |
| শ্রেণিকক্ষ | সরকারি অফিস/সংস্থা | ৫,০০০/- |
| | বেসরকারি ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ৭,০০০/- |
| অডিও ভিজ্যুয়েল সামগ্রী | সরকারি অফিস/সংস্থা | ২,০০০/- |
| | বেসরকারি ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ৪,০০০/- |
| হোস্টেল কক্ষ/সিট | প্রশিক্ষণার্থী (প্রতি সিট) | ৫০০/- |
| | জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তা/কর্মচারী | ৫০০/- |
| | জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তা/কর্মচারী | ৬০০/- (ভিআইপি) |
| | বেসরকারি ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ৮০০/- (ভিআইপি) |

# অধ্যায়-৩

## প্রশিক্ষণ ও পরামর্শ বিভাগ

**প্রশিক্ষণ ও পরামর্শ বিভাগ:** এনআইএলজি'র ৪(চার)টি বিভাগের মধ্যে প্রশিক্ষণ ও পরামর্শ বিভাগটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বিভাগে একজন পরিচালকের নেতৃত্বে একজন যুগ্মপরিচালক, ৮জন উপপরিচালক ও ৪ জন সহকারী পরিচালকের সমন্বয়ে স্থানীয় সরকার সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। এছাড়াও এ বিভাগের অধীনে একটি অডিও ভিজ্যুয়েল শাখা রয়েছে।

### প্রশিক্ষণ ও পরামর্শ বিভাগের প্রধান কার্যাবলী :

১. স্থানীয় সরকার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা;
২. সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধি এবং নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারীগণকে স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা;
৩. স্থানীয় সরকারের সাথে সম্পর্কিত বিভিন্ন সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা;
৪. স্থানীয় সরকার সংক্রান্ত বিষয়ের উপর সরকারকে পরামর্শ প্রদান করা;
৫. স্থানীয় সরকার বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের কর্মশালা, সেমিনার এবং সম্মেলনের আয়োজন করা;
৬. বিভিন্ন সংস্থা/প্রকল্পের চাহিদার প্রেক্ষিতে অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা এবং
৭. প্রশিক্ষণার্থীদের চাহিদার সাথে সমন্বয় রেখে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের আয়োজন করা।

### প্রশিক্ষণের ধরন

এনআইএলজি প্রশিক্ষণের গুণগত মান বজায় রেখে আধুনিক পদ্ধতিগুলো ব্যবহার করে প্রশিক্ষণ পরিচালনা করছে। এনআইএলজি বর্তমানে ৬ ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে, যেমন-

১. স্থানীয় সরকার ব্যবস্থা অবহিতকরণ কোর্স;
২. বুনিয়াদি কোর্স;
৩. বিষয় ভিত্তিক কোর্স;
৪. রিফ্রেশার্স কোর্স;
৫. প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) কোর্স;
৬. সার্টিফিকেট কোর্স।

### এনআইএলজির প্রশিক্ষণার্থী

১) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচিত জনপ্রতিনিধি;
২) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারী;
৩) জেলা ও উপজেলা রিসোর্স টিমের সদস্য হিসেবে জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ;
৪) এনআইএলজি'র অনুষদ সদস্য ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ;
৫) বিভিন্ন প্রকল্প ও উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক নির্বাচিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

## প্রশিক্ষণের বিষয়বস্তুর ধরন

- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য আইন, বিধিমালা ও প্রবিধানমালা;
- সরকারের অগ্রাধিকার প্রাপ্ত বিষয়সমূহ (ক্রসকাটিং ইস্যু) এবং
- প্রকল্প ও উন্নয়ন সহযোগী সংস্থার চাহিদা অনুযায়ী নির্ধারিত বিষয়সমূহ।

## সুনির্দিষ্ট বিষয়বস্তুসমূহ

সাধারণতঃ প্রশিক্ষণ কার্যক্রম প্রশিক্ষণার্থীগণের চাহিদার ভিত্তিতেই আয়োজন করা হয়। কোর্সগুলোতে শ্রেণীকক্ষে বক্তৃতা ও দলগত আলোচনা পদ্ধতি অনুসরণ এবং বিশেষ ক্ষেত্রে মাঠ পরিদর্শনের ব্যবস্থা করা হয়। কোর্সসমূহের উল্লেখযোগ্য বিষয়গুলো:

- বাংলাদেশের সংবিধান, রাষ্ট্রীয় মূলনীতি ও মৌলিক অধিকার;
- বাংলাদেশের রাষ্ট্রীয় কাঠামো এবং সাংবিধানিক প্রতিষ্ঠানসমুহ;
- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রশাসনিক কাঠামো, দায়িত্ব ও অধীনস্থ সংস্থাসমূহ;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠান সংশ্লিষ্ট আইন, অধ্যাদেশ, বিধি, প্রবিধান, ইত্যাদি;
- মাঠ প্রশাসন ও মাঠ পর্যায়ে সরকারী কর্মকর্তাগণের ভূমিকা;
- স্থানীয় সরকারের সংজ্ঞা, বৈশিষ্ট্য, প্রয়োজনীয়তা এবং সংবিধানে এর অবস্থান;
- জাতীয় সরকারের সাথে স্থানীয় সরকারের সম্পর্ক;
- বাংলাদেশের গ্রামীণ ও নগর স্থানীয় সরকার;
- গ্রামীণ স্থানীয় সরকার হিসেবে ইউনিয়ন পরিষদ এবং উপজেলা পরিষদের ভুমিকা;
- স্থানীয় সরকারের সাথে জাতীয় সরকারের সম্পর্ক;
- ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণের ভূমিকা;
- ইউনিয়ন পরিষদ সচিবের দায়িত্ব ও কার্যাবলী;
- ইউনিয়ন পরিষদের স্ট্যান্ডিং কমিটিসমূহ;
- অফিস ব্যবস্থাপনা;
- পরিদর্শন, তদন্ত, রিপোর্ট- রিটার্ন তৈরি ও প্রেরণ;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সম্পত্তি ব্যবস্থাপনা;
- স্থানীয় সরকারের অফিস নিরাপত্তা ও গোপনীয়তা;
- সরকারি ক্রয় আইন, ২০০৬ এবং সরকারি ক্রয় বিধিমালা, ২০০৮;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের তহবিল গঠন, আয়ের উৎস, কর নিরুপন ও আদায়, বাজেট প্রণয়ন, হিসাব সংরক্ষণ ও নিরীক্ষা ইত্যাদি;
- প্রকল্প প্রণয়ন, পরিবীক্ষণ, বাস্তবায়ন ও মূল্যায়ন;
- কর্মচারী ব্যবস্থাপনা;
- প্রশাসনে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া;
- শিষ্ঠাচার;
- সুশাসন;
- বাংলাদেশের বিচার ব্যবস্থা;
- ইউনিয়ন পর্যায়ে বিচার ব্যবস্থাপনা (গ্রাম আদালত আইন, ২০০৬ ও পৌরসভা বিরোধ মীমাংসা বোর্ড আইন, ২০০৪);

- স্থানীয় আইন-শৃঙ্খলা রক্ষায় গ্রাম পুলিশের ভূমিকা;
- দুর্নীতি দমন কমিশন আইন;
- দুর্নীতি দমনে দুর্নীতি দমন কমিশন এর ভূমিকা;
- জেন্ডার ইস্যু;
- জলবায়ু পরিবর্তন, পরিবেশ সংরক্ষণ ও দূর্যোগ ব্যবস্থাপনা;
- টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা;
- জন্ম-মৃত্যু নিবন্ধন ও স্যানিটেশন;
- শিশু অধিকার, বাল্যবিবাহ ও যৌতুক নিরোধ, নারী ও শিশু পাচার, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ;
- স্থানীয় জনপ্রতিনিধিগণের সচেতনতা ও সহনশীলতা বৃদ্ধি;
- মানব পাচার ও চোরাচালান দমন;
- সন্ত্রাস ও জঙ্গীবাদ;
- তথ্য অধিকার;
- কম্পিউটার পরিচালনা;
- সরকারি নীতি নির্ধারণ ও নির্দেশনা;
- মাদক দ্রব্য নিয়ন্ত্রণ;
- ক্রস কাটিং অন্যান্য ইস্যু সমূহ এবং
- সরকারের অগ্রাধিকার প্রাপ্ত কর্মসূচী সংক্রান্ত বিষয়াদি, ইত্যাদি।

**প্রশিক্ষণ পদ্ধতি**

১. উপস্থাপন;
২. উপস্থাপন ও আলোচনা;
৩. দলীয় আলোচনা;
৪. প্রশ্নোত্তর;
৫. অনুশীলন;
৬. সিম্যুলেশন গেইম;
৭. ডেমনস্ট্রেশন;
৮. ব্রেন স্টর্মিং;
৯. অভিনয়;
১০. সিন্ডিকেট সেশন;
১১. লার্নিং জার্নাল;
১২. কেইস স্টাডি;
১৩. মাঠ পরিদর্শন, ইত্যাদি।




১* জেলা রিসোর্স টিম (ডিআরটি)

২* উপজেলা রিসোর্স টিম (ইউআরটি)

*৩ Commonwealth Local Government Forum (CLGF)

## ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রশিক্ষণ ও পরামর্শ বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলি (জুলাই, ২০২৩ - জুন ২০২৪)

| ক্রমিক নম্বর | কোর্সের শিরোনাম | কোর্স অনুষ্ঠিত হওয়ার স্থান | অংশগ্রহণকারী | লক্ষ্যমাত্রা | | বাস্তবায়ন | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ব্যাচ সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | ব্যাচ সংখ্যা | প্রকৃত অর্জন | অর্জনের হার (%) |
| | **প্রশিক্ষণ কর্মসূচির আওতায় বাস্তবায়িত** | | | | | | | |
| ১ | **ইউনিয়ন পরিষদ** | | | | | | | |
| ১.১ | প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) | অনলাইন | ইউআরটি সদস্য | ২৭ | ৬৮১ | ২৭ | ৬৮১ | ১০০ |
| ১.২ | ইউনিয়ন পরিষদ সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনা | উপজেলা পর্যায় | ইউপি চেয়ারম্যান, সদস্য, ইউপি প্রশাসনিক কর্মকর্তা ও হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর | ৬৪৭ | ৩৫১৭৫ | ৬৪৭ | ৩৫১৭৫ | ১০০ |
| ১.৩ | বুনিয়াদি প্রশিক্ষণ | এনআইএলজি | ইউপি প্রশাসনিক কর্মকর্তা | ৪ | ১৬০ | ৪ | ১৬০ | ১০০ |
| ১.৪ | বুনিয়াদি প্রশিক্ষণ | উপজেলা পর্যায় | গ্রাম পুলিশ বাহিনীর সদস্য | ৩১ | ১২৪০ | ৩১ | ১২৪০ | ১০০ |
| ১.৫ | গ্রাম পুলিশ বাহিনীর দায়িত্ব ও কার্যাবলী | উপজেলা পর্যায় | গ্রাম পুলিশ বাহিনীর সদস্য | ৭০ | ২৮৪০ | ৭০ | ২৮৪০ | ১০০ |
| ১.৬ | বুনিয়াদি প্রশিক্ষণ | এনআইএলজি | হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর | ৭ | ২১০ | ৭ | ২১০ | ১০০ |
| ১.৬ | রিফ্রেশার্স কোর্স | এনআইএলজি | প্রশাসনিক কর্মকর্তা | ২ | ৮০ | ২ | ৮০ | ১০০ |
| ১.৭ | রিফ্রেশার্স কোর্স | এনআইএলজি | হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর | ২ | ৬০ | ২ | ৬০ | ১০০ |
| ১.৮ | শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ | জেলা ও বিভাগ | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | ৩৮ | ১৪৩০ | ৩৮ | ১৪৩০ | ১০০ |
| ২ | **উপজেলা পরিষদ** | | | | | | | |
| ২.১ | উপজেলা পরিষদ ও আর্থিক ব্যবস্থাপনা কোর্স | এনআইএলজি | উপজেলা পরিষদ এবং উপ পরিচালক, স্থানীয় সরকার-এর কর্মচারী | ২ | ৬০ | ২ | ৭২ | ১২০ |
| ৩ | **জেলা পরিষদ** | | | | | | | |
| ৩.১ | প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) | অনলাইন | ডিআরটি সদস্য | ৩ | ৯৯ | ৩ | ১০০ | ১০১ |
| ৩.২ | জেলা পরিষদ সম্পর্কিত অবহিতকরণ | বিভাগীয় পর্যায় | জেলা পরিষদ সদস্য | ১৭ | ৬৪২ | ১৭ | ৬৪২ | ১০০ |
| ৩.৩ | জেলা পরিষদ সম্পর্কিত আর্থিক ব্যবস্থাপনা | এনআইএলজি | সিএ ও সম পর্যায়ের কর্মচারী | ২ | ৬০ | ২ | ৫৭ | ৯৫ |
| ৪ | **পৌরসভা** | | | | | | | |
| ৪.১ | আর্থিক ব্যবস্থাপনা | এনআইএলজি | মেয়র ও পৌর নির্বাহী কর্মকর্তা | ৮ | ২৪০ | ২ | ২১৬ | ৮৯ |
| ৪.২ | পৌরসভা প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা | এনআইএলজি | প্রধান নির্বাহী কর্মকর্তা | ৪ | ১২০ | - | - | - |
| ৪.৩ | বুনিয়াদি প্রশিক্ষণ | এনআইএলজি | পৌর নির্বাহি কর্মকর্তা | ১ | ৩০ | ১ | ২৯ | ৯৭ |
| ৪.৪ | পৌরসভা প্রশাসন ও নাগরিক অংশগ্রহণ | জেলা পর্যায় | কাউন্সিলর ও কর্মচারীবৃন্দ | ২৫ | ১০৫০ | ২৫ | ১০৩৫ | ৯৮.৫৭ |
| ৫ | **সিটিকর্পোরেশন** | | | | | | | |
| ৫.১ | সিটিকর্পোরেশন সম্পর্কিত অবহিতকরণ | এনআইএলজি | কাউন্সিলর | ৮ | ২৪০ | ৮ | ২৫৬ | ১০৭ |
| ৫.২ | বুনিয়াদি প্রশিক্ষণ | এনআইএলজি | নবম ও দশম গ্রেডের কর্মচারী | ১ | ৩০ | - | - | - |
| ৫.৩ | সিটিকর্পোরেশন সম্পর্কিত অবহিতকরণ | এনআইএলজি | সিটিকর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ | ৫ | ২০০ | ৫ | ১৮১ | ৯০.৫ |
| ৫.৪ | সিটিকর্পোরেশনের সম্পদ আহরণ ও ব্যবস্থাপনা | এনআইএলজি | সিটিকর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ | ৫ | ২০০ | ৫ | ১৯৫ | ৯৭.৫ |
| ৫.৫ | সিটিকর্পোরেশনের সম্পদ আহরণ ও ব্যবস্থাপনা | এনআইএলজি/ সিটিকর্পোরেশন | কাউন্সিলর | ১৮ | ৬৪০ | - | - | - |
| ৬ | **অন্যান্য প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালা** | | | | | | | |
| ৬.১ | বাংলাদেশের স্থানীয় সরকার সম্পর্কিত বিষযভিত্তিক সার্টিফিকেট কোর্স | এনআইএলজি | স্থানিয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধি, কর্মকর্তা-কর্মচারী ও আগ্রহী ব্যক্তিবর্গ | ৩ | ৯০ | - | - | - |
| ৬.২ | সঞ্জিবনী প্রশিক্ষণ | | এনআইএলজির কর্মকর্তা ও কর্মচারী | ৩ | ৭৫ | ২ | ৪৬ | ৬১ |
| ৬.৩ | কর্মশালা/সেমিনার | এনআইএলজি | সংশ্লিষ্ট স্টেকহোল্ডার | ১৫ | ৭৫০ | ১৫ | ৭৫০ | ১০০ |
| ৬.৪ | বাংলাদেশের স্থানীয় সরকার | এনআইএলজি | বিসিএস ক্যাডার কর্মকর্তাবৃন্দ | ৪ | ৫০০ | ৪ | ৫৩৭ | ১০৭ |

| ক্রমিক নম্বর | কোর্সের শিরোনাম | কোর্স অনুষ্ঠিত হওয়ার স্থান | অংশগ্রহণকারী | লক্ষ্যমাত্রা | | বাস্তবায়ন | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ব্যাচ সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | ব্যাচ সংখ্যা | প্রকৃত অর্জন | অর্জনের হার (%) |
| | ব্যবস্থা অবহিতকরণ | | | | | | | |
| ৬.৫ | ই-লার্নিং কোর্স | অনলাইন | স্থানীয় সরকার প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীবৃন্দ | ৪ | ২০০০ | ৪ | ২০০১ | ১০০ |
| | | | **সর্বমোট** | **৯৫২** | **৪৮৯০২** | **৯২৯** | **৪৭৯৯৩** | **৯৮** |

## ইভেন্ট অনুযায়ী বিবরণ

| ইভেন্ট | সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| প্রশিক্ষণ কোর্স | ৯১৪ | ৪৭২৪৩ |
| কর্মশালা | ১৫ | ৭৫০ |
| **মোট** | **৯২৯** | **৪৭৯৯৩** |

## মাঠ পর্যায়ে বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্সের বিবরণ

| স্থান | কোর্স সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| ইউনিয়ন পরিষদ | **৮২৮** | **৪১৮৭৬** |
| উপজেলা পরিষদ | ২ | ৭২ |
| জেলা পরিষদ | ২২ | ৭৯৯ |
| পৌরসভা | ৩৪ | ১২৮০ |
| সিটিকর্পোরেশন | ১৮ | ৬৩২ |
| **মোট** | **৯০৪** | **৪৪৬৫৯** |

## প্রশিক্ষণার্থীর ধরণের ভিত্তিতে প্রশিক্ষণ কোর্সের বিবরণ

| স্থান | কোর্স সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| নির্বাচিত জনপ্রতিনিধি | ৬৩ | ২৩২৮ |
| নিয়োজিত কর্মচারী | ১৭১ | ৮৪৮৯ |
| নির্বাচিত জনপ্রতিনিধি ও নিয়োজিত কর্মচারী | ৬৮০ | ৩৬৪২৬ |
| **মোট** | **৯১৪** | **৪৭২৪৩** |

## প্রশিক্ষণ বাস্তবায়নের মাধ্যম অনুযায়ী কোর্সের বিবরণ

| মধ্যাম | কোর্স সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|
| অনলাইন/ভার্চুয়াল | ৩৪ | ২৭৮২ |
| সরাসরি আয়োজিত | ৮৯৫ | ৪৫২১১ |
| **মোট** | **৯২৯** | **৪৭৯৯৩** |

## ২০২৩-২০২৪ অর্থবছরের প্রশিক্ষণ কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ :

### ১। কোর্সের নাম: প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স

**কোর্সের অংশগ্রহণকারী:** জেলা রিসোর্স টিম (ডিআরটি) এবং উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) এর সদস্য।

**কোর্সের মেয়াদ:** ০২ দিন

**কোর্সের উদ্দেশ্য:**

কোর্সটির মূল উদ্দেশ্য হলো এনআইএলজি কর্তৃক আয়োজিত ডিআরটি এবং ইউআরটি সদস্যগণের সহায়তার জেলা ও উপজেলা পর্যায়ে বাস্তবায়িত ইউনিয়ন পরিষদের সদস্যগণের জন্য “ইউনিয়ন পরিষদ সম্পর্কিত অবহিতকরণ” শীর্ষক কোর্সে আলোচক হিসেবে রিসোর্স টিমের সদস্যগণের ফ্যাসিলিটেশন সক্ষমতা বৃদ্ধি করা।

**সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

ফ্যাসিলিটেশন কৌশল সম্পর্কে একটি ধারণা প্রদান করা। তথা একজন ফ্যাসিলিটেটরকে অধিবেশনে অংশগ্রহণকারীর অংশগ্রহণ নিশ্চিত করার কৌশলগুলো সম্পর্কে ধারণা প্রদান করা। ফ্যাসিলিটেটর তার অধিবেশনকে কিভাবে প্রাণবন্ত করে উপস্থাপন করবে সে সম্পর্কে ধারণা দেয়া এবং ইউনিয়ন পরিষদের মৌলিক বিষয়গুলি সম্পর্কে ধারণা দেয়া।

**কোর্সের বিষয়বস্তু:** কোর্সের সুনির্দিষ্ট বিষয়বস্তু হলো-

- শিখন ও প্রশিক্ষণ;
- প্রশিক্ষণ উপকরণ ও এর ব্যবহার;
- প্রশিক্ষণার্থীর ধরণ এবং ধরণ অনুযায়ী প্রশিক্ষণার্থী পরিচালনা কৌশল;
- প্রশিক্ষণ পদ্ধতি এবং এর ব্যবহার;
- প্রশিক্ষকের করণীয় ও বর্জনীয়;
- প্রশিক্ষণ পদ্ধতি ও উপকরণ ব্যবহারের প্রয়োগিক অধিবেশন;
- প্রশিক্ষণার্থীগণ কর্তৃক অধিবেশন উপস্থাপন।

**প্রশিক্ষণ পদ্ধতি:** প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ অংশগ্রহণমূলক পদ্ধতি অনুসরণ করে ডিজাইন করা হয়েছে। মৌলিক টিওটি এর ধাপে উপস্থাপন, প্রশ্নত্তোর ও অনুশীলন পদ্ধতি; মেন্টরিং ধাপে এনআইএলজির সহায়ক/অনুষদ সদস্যগণ প্রতিটি উপজেলার ইউআরটি এর সদস্যগণকে পৃথকভাবে অধিবেশন পদ্ধতির প্রয়োগ এবং যেসব উপকরণ প্রয়োজন তার ব্যবহার সম্পর্কে বিস্তারিতভাবে হাতে কলমে ধারণা প্রদান করেন। অধিবেশন উপস্থাপন পর্বে মডারেটর প্রশিক্ষণার্থীগণ হতে দৈবচয়ন পদ্ধতিতে যে কোন একজনকে অধিবেশন উপস্থাপনের জন্য অনুরোধ করেন এবং অধিবেশন পরিচালনা সম্পর্কে মতামত প্রদান করে তার অধিবেশন পরিচালনাকে আরো সমৃদ্ধ করেন।

## ২। কোর্সের নাম: ইউনিয়ন পরিষদ সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনা কোর্স

**কোর্সের অংশগ্রহণকারী:** ইউপি চেয়ারম্যান, সদস্য, ইউপি প্রশাসনিক কর্মকর্তা ও হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর

**কোর্স বাস্তবায়নের স্থান:** উপজেলা রিসোর্স টিমের সহায়তায় উপজেলা পর্যায়ে

**কোর্সের মেয়াদ:** ০২ দিন

**কোর্সের উদ্দেশ্য:** কোর্সটির মূল উদ্দেশ্য পরিষদের সম্পদ আহরণ ও বাজেট ব্যবস্থাপনার জন্য বিদ্যমান আইন, বিধিমালা ও নীতিমালা সম্পর্কে অবহিতকরণ এবং হাতে কলমে প্রশিক্ষণ।

**সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

- স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ সম্পর্কে সম্যক ধারণা প্রদান;
- উন্নয়ন পরিকল্পনা এবং উন্নয়ন প্রকল্প প্রস্তুতকরণ সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা দেয়া;
- ইউনিয়ন পরিষদের সম্পদ ও সম্পত্তিসমূহ এবং আয়ের উৎসসমূহ;
- ইউনিয়ন পরিষদের বিচার ব্যবস্থা 'গ্রাম আদালত' পরিচালনা সম্পর্কে ধারণা দেয়া;
- ইউনিয়ন পরিষদের বাজেট প্রণয়নে চেয়ারম্যান, সদস্য, প্রশাসনিক কর্মকর্তা এবং গ্রাম পুলিশের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিত করা এবং
- ইউনিয়ন পরিষদ কার্যপরিচালনা পদ্ধতি ও সরকারি ক্রয় পদ্ধতি সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা দেয়া।

**কোর্সের ডিজাইন:** ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সদস্য ও প্রশাসনিক কর্মকর্তা ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটরগণকে একত্রে দুই দিনব্যাপী উপজেলা পর্যায়ে উপজেলা রিসোর্স টিম (ইউআরটি) এর সদস্যগণের সহায়তায় কোর্সটি বাস্তবায়ন করা হয়। প্রতিটি উপজেলায় এনআইএলজির অনুষদ সদস্য নিয়োগ করা হয় কোর্সটি মনিটরিং করার জন্য। অধিবেশন পরিচালনায় কোন সহযোগিতা ও সংযোজন করার প্রয়োজন হলে এনআইএলজির অনুষদ সদস্যগণ সেক্ষেত্রে সহযোগিতা করে থাকেন।

**প্রশিক্ষণ পদ্ধতি:** কোর্সটিতে সাধারণত পাওয়ার পয়েন্ট উপস্থাপন, আলোচনা, প্রশ্নত্তোর, অনুশীলন এবং ভিডিও ডকুমেন্টরী প্রদর্শন, পদ্ধতি ব্যবহার করা হয়ে থাকে।











বিভিন্ন উপজেলায় অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ সম্পর্কিত মৌলিক প্রশিক্ষণ কোর্সের স্থির চিত্র

## ৩। কোর্সের নাম: বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স

**কোর্সের অংশগ্রহণকারী:** পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তাগণ, ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তাগণ (আলাদা আলাদা কোর্স)

**কোর্সের মেয়াদ:** ৩০ দিন

**কোর্সের উদ্দেশ্য:** কোর্সটির মূল উদ্দেশ্য পৌর নির্বাহী কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তাগণের পরিষদ পরিচালনার ক্ষেত্রে অফিস ব্যবস্থাপনা, সম্পদ আহরণ ব্যবস্থাপনা এবং আর্থিক ব্যবস্থাপনায় দক্ষ করে গড়ে তোলা। তাদেরকে সংশ্লিষ্ট পরিষদের আইন-কানুন, বিধি-বিধান সম্পর্কে সুনির্দিষ্ট ধারণা প্রদান করে তাদের সুন্দর বুনিয়াদ গড়ে তোলাই এ প্রশিক্ষণের মূল উদ্দেশ্য নিহিত।

**সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ সহ পৌরসভা ও ইউনিয়ন পরিষদের জন্য জারিকৃত অন্যান্য আইন, বিধিমালা, পরিপত্র ও নীতিমালাসমূহ সম্পর্কে বিস্তারিত ও সুস্পষ্ট ধারণা প্রদান করা;
- পরিষদগুলোকে পরিচালনার ক্ষেত্রে নির্বাচিত জনপ্রতিনিধিগণের দক্ষ গাইড হিসেবে পৌর নির্বাহী কর্মকর্তা ও ইউপি সচিবের সক্ষমতা বৃদ্ধি করা;
- পৌর নির্বাহী কর্মকর্তা ও ইউপি প্রশাসনিক কর্মকর্তাকে অফিস পরিচালনার ক্ষেত্রে অফিস ব্যবস্থাপনা, কর্মচারী ব্যবস্থাপনায় দক্ষ করে গড়ে তোলা;
- পৌর নির্বাহী কর্মকর্তা ও ইউপি প্রশাসনিক কর্মকর্তাকে সম্পদ আহরণ, তহবিল গঠন, হিসাব রক্ষণ, গ্রাম আদালত/ বোর্ড আইন, সভা পরিচালনা, বাজেট প্রণয়ন, বিভিন্ন মেয়াদী পরিকল্পনা প্রস্তুতকরণ ইত্যাদি ক্ষেত্রে অনুশীলনের মাধ্যমে সুস্পষ্ট ধারণা প্রদান করা;
- সরকারের অগ্রাধিকার বিষয়, যেমন-ডিজিটাল বাংলাদেশ, সামাজিক নিরাপত্তা, উদ্ভাবন ও শুদ্ধাচার, ইত্যাদি বিষয়ের সাথে পরিচিত করা এবং এ ক্ষেত্রে পৌরসভা ও ইউনিয়ন পরিষদের ভূমিকা সম্পর্কে অবহিত করা।
- জন্ম-মৃত্যু নিবন্ধন সামাজিক নিরাপত্তা পরিবেশ সংরক্ষণ, জলবায়ু পরিবর্তন, জেন্ডার ইস্যু, তামাক নিয়ন্ত্রণ, এসডিজিসহ নানাবিধ ক্রসকাটিং ইস্যু সম্পর্কে সম্যক ধারণা দেয়া হয়।

**কোর্সের বিষয়বস্তু:** মোট ১০৭টি অধিবেশন নিয়ে কোর্সটি ডিজাইন করা হয়েছে। মডিউল অনুযায়ী কোর্সের আলোচ্য বিষয়বস্তুসমূহ নিম্নরুপ:

| মডিউল নং | মডিউল শিরোনাম | বিষয়বস্তুর সংখ্যা |
|---|---|---|
| ১. | বাংলদেশ সরকার ও স্থানীয় সরকার | ০৬টি |
| ২. | জনপ্রশাসন ও সমন্বয় | ০৪টি |
| ৩. | পৌরসভা/ইউনিয়ন পরিষদের কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনা | ১৯টি |
| ৪. | অফিস ব্যবস্থাপনা | ০৭টি |
| ৫. | আর্থিক ব্যবস্থাপনা | ১২টি |
| ৬. | পরিকল্পনা ও বাজেট | ১১টি |
| ৭. | স্থানীয় সম্পদ আহরণ ও ব্যবস্থাপনা | ০৭টি |
| ৮. | অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন | ১০টি |
| ৯. | বিচার ব্যবস্থাপনা ও স্থানীয় শৃঙ্খলা নিয়ন্ত্রণ | ০৭টি |
| ১০. | পরিবেশ সংরক্ষণ | ০৪টি |
| ১১. | তথ্য যোগাযোগ প্রযুক্তি ও নাগরিক সেবায় উদ্ভাবন এবং ডিজিটাল বাংলাদেশ | ২০টি |
| | মোট | ১০৭টি |

এছাড়াও প্রশিক্ষণ চলাকালীন পৌর নির্বাহী কর্মকর্তা/ ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা প্রয়োজনে আরো অধিবেশন সংযোজন করে অধিবেশন পরিচালনা করা হয়ে থাকে। প্রশিক্ষণার্থীগণের চাহিদা মোতাবেক সম্প্রসারিত অধিবেশনও পরিচালিত হয়।

**প্রশিক্ষণ পদ্ধতি:** মাসব্যাপী বুনিয়াদি কোর্সটি পরিচালনার ক্ষেত্রে প্রশিক্ষণের প্রায় সকল পদ্ধতি অনুসরণ করা হয়ে থাকে। এ প্রশিক্ষণ পরিচালনায় স্থানীয় সরকার বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর হতে বিশেষজ্ঞ অতিথি আলোচককে আমন্ত্রণ জানানো হয়ে থাকে। পাওয়ার পয়েন্ট উপস্থাপন, আলোচনা, প্রশ্নত্তোর, অনুশীলন, রোল প্লে, মক ট্রায়াল, লার্নিং জার্নি, মাঠ পরিদর্শন এবং ভিডিও ডকুমেন্টরী প্রদর্শন, ইত্যাদি পদ্ধতি ব্যবহার করা হয়ে থাকে।

## ৪। কোর্সের নাম: বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

**কোর্সের অংশগ্রহণকারী:** ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটরগণ
**কোর্স বাস্তবায়নের স্থান:** এনআইএলজি
**কোর্সের মেয়াদ:** ১৫ দিন
**কোর্সের উদ্দেশ্য:** কোর্সটির মূল উদ্দেশ্য হলো- অফিস ব্যবস্থাপনা ও আর্থিক ব্যবস্থাপনা কাজে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটরগণ সক্ষমতা বৃদ্ধি করা।

**সুনির্দিষ্ট উদ্দেশ্য হলো-**

- স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান;
- ইউনিয়ন পরিষদ পরিচালনা সংক্রান্ত বিধিমালা, প্রবিধান ও নীতিমালা সম্পর্কে ধারণা প্রদান;
- ইউনিয়ন পরিষদের হিসাব সংরক্ষণ ও নীরিক্ষা সম্পর্কে ধারনা প্রদান;
- পরিকল্পনা ও বাজেট প্রণয়ন সম্পর্কে অবহিত করা এবং
- সরকারি ক্রয় পদ্ধতি সম্পর্কে ধারণা প্রদান করা।

**কোর্সের ডিজাইন:** প্রতিটি ব্যাচে ৩০ জন হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণ অংশগ্রহণ করেছেন। ৫দিন ব্যপি কোর্সগুলো এনআইএলজিতে বাস্তবায়ন করা হয়েছে।
**প্রশিক্ষণ পদ্ধতি:** কোর্সটিতে সাধারণত পাওয়ার পয়েন্ট উপস্থাপন, আলোচনা, প্রশ্নউত্তর এবং ভিডিও ডকুমেন্টরী প্রদর্শন, ইত্যাদি পদ্ধতি ব্যবহার করা হয়ে থাকে।



ইউপি হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটরগণের প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা কোর্সের স্থির চিত্র

## ৫। কোর্সের নাম: বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

**কোর্সের অংশগ্রহণকারী:** ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটরগণ
**কোর্স বাস্তবায়নের স্থান:** উপজেলা পর্যায়
**কোর্সের মেয়াদ:** ৩০ দিন
**কোর্সের উদ্দেশ্য:** কোর্সটির মূল উদ্দেশ্য হলো- গ্রাম পুলিশ বাহিনীর সদস্যগণের সক্ষমতা বৃদ্ধি করা।

**সুনির্দিষ্ট উদ্দেশ্য:**

- স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান;
- গ্রাম পুলিশ বাহিনীর সদস্যগণের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিত করা;
- ইউনিয়ন পরিষদের কর নির্ধারণ ও আদায় সম্পর্কে ধারণা প্রদান;
